



सत्यमेव जयते

বিদ্যালয় শিক্ষামন্ত্রী
Minister, School Education



শিক্ষার অধিকার



সর্বশিক্ষা অভিযান

সবাই পড় সবাই এগিয়ে যাও
জ্ঞান' পরিদি জ্ঞান' বাঁসকাও হিমদি

।। বিশেষ আবেদন ।।

৬ থেকে ১৪ বছরের সকল বিদ্যালয়-বহির্ভূত ছেলেমেয়েদেরকে শিক্ষাঙ্গনে নিয়ে আসা স্বাধীনোত্তর ভারতবর্ষের সর্ববৃহৎ শিক্ষা প্রকল্প “সর্বশিক্ষা অভিযান”-এর একটি অন্যতম লক্ষ্য। শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক-অভিভাবিকা, শিক্ষাকর্মী, জনপ্রতিনিধি, শিক্ষানুরাগী সহ সর্বস্তরের জনগণের সর্বাঙ্গিক সহযোগিতায় এই প্রকল্প রূপায়ণের শুরু থেকে এখন পর্যন্ত রাজ্যের অধিকাংশ বিদ্যালয়-বহির্ভূত শিশুদেরকে বিদ্যালয়ের আঙ্গিনায় আনা সম্ভব হয়েছে। তারপরও কিছু সংখ্যক ঐ বয়সি শিশু এখনও শিক্ষার আওতার বাইরে রয়ে গেছে। এইসব বিদ্যালয়-বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে নিয়ে আসার সুদৃঢ় লক্ষ্যকে সামনে রেখে অন্যান্য বছরের মতো এবারও সারা রাজ্যব্যাপী ‘বিদ্যালয় চলো অভিযান’ কর্মসূচি আগামী ১লা জানুয়ারী থেকে ৭ই জানুয়ারী ২০১৫ ইং পর্যন্ত চলবে।

এই গুরুত্বপূর্ণ ভর্তি-অভিযান কর্মসূচিকে সর্বাঙ্গিকভাবে সাফল্যমণ্ডিত করার জন্য সমস্ত শিক্ষাদরদি জনগণ, স্বেচ্ছাসেবী সংস্থা, জনপ্রতিনিধি, ত্রি-স্তরীয় পঞ্চায়েত, শিক্ষাকর্মী, পিতা-মাতাসহ আপামর জনসাধারণের আন্তরিক অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

অতএব, “বিদ্যালয় চলো অভিযান-২০১৫” কর্মসূচিকে সার্থক করে তোলার জন্য রাজ্যের সংশ্লিষ্ট সকলের কাছে বিনীত আবেদন রাখছি।

আগরতলা
২৪/১২/২০১৪ ইং

নমস্কারান্তে,

তপন চক্রবর্তী,
বিদ্যালয় শিক্ষামন্ত্রী
ত্রিপুরা সরকার